**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 17 May 2025** **TIME: 7:35 AM**

---

আসাম বিধানসভার এক বিশেষ একদিবসীয় অধিবেশন আগামী ৯ জুন অনুষ্ঠিত হবে । রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য গতকাল এই সম্পর্কে বিজ্ঞপ্তি জারী করেন । এদিকে রাজ্যের দুগ্ধ উৎপাদন ক্ষেত্রকে অধিক উজ্জীবীত করে তোলার লক্ষে আসাম মন্ত্রীসভা রাণীর ফার্ম মেনেজমেন্ট প্রতিষ্ঠানের ২০ বিঘা জমি আমূল কোম্পানীকে লীজে দেওয়ার জন্য অনুমোদন জানিয়েছে । দিসপুরের লোকসেবা ভবনে গতকাল মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ হয় । মন্ত্রীসভা আগামী অক্টোবর মাস থেকে বেশ কয়েকটি জেলায় সরকারী সাহায্যযুক্ত মুসুরী ডাল , চিনি ও লবন হিতাধিকারীর মধ্যে বিতরণের জন্য অনুমোদন জানায় ।

আসামে ব্যাক্তিগত ক্ষেত্রের বিনিয়োগকে উৎসাহিত করে নিয়োগের সুযোগ সৃষ্টির জন্য মন্ত্রীসভা আই আই পি এর অধীনে দুটি করে প্রস্তাবে অনুমোদন জানায় । এছাড়া ড: বানীকান্ত কাকতি কম্পিউটার সাক্ষরতা কার্যসূচীর অধীনে এক হাজার ৩১৩ জন অংশকালীন আই সি টি শিক্ষকের মাসিক বেতন আগামী অক্টোবর থেকে ২০ হাজার টাকাতে বৃদ্ধির জন্য অনুমোদন জানিয়েছে ।মন্ত্রীসভা তাদেরকে ৬০ বছর বয়স পর্যন্ত সেবা প্রদানের নিশ্চয়তা প্রদান করে । এরফলে তারা মুখ্যমন্ত্রী লোক সেবক আরোগ্য যোজনা , আপোন ঘর ও আপোন বাহন প্রকল্পের জন্য বিবেচিত হবে ।

---

উত্তরপূর্ব উন্নয়ন দপ্তরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেছেন যে আসাম সম্প্রতি দেশের অগ্রণী রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে । গতকাল গুয়াহাটীর কইনাধারার রাজ্য অতিথিশালায় আসামের উন্নয়নমূলক কাজকর্ম পর্যালোচনা করার উদ্দেশ্যে এক বৈঠকে মিলিত হয়ে শ্রী সিন্ধিয়া একথা বলেন ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্বশর্মার উপস্থিতিতে বৈঠকে পরিকাঠামো , শক্তি এবং রাজ্যের সামগ্রিক বিকাশের ক্ষেত্রে অধিক বিনিয়োগ করে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোতে সুশৃঙ্খল ভাবে  সরবরাহ করার প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় ।উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোর উন্নয়নের দৃষ্টিভঙ্গী বাস্তবায়িত করার  উদ্দেশ্যে ডোনার মন্ত্রনালয় পাঁচটি মূল বিষয়ে কাজ অব্যাহত রেখেছে । এই অনুযায়ি গতকালের বৈঠকে মূগা , রেশম উৎপাদন , পামতেল , বৈচিত্র্যপূর্ণ পর্যটন , সীমান্তবর্তী গ্রামগুলোর বিশেষভাবে উন্নীতকরণের সম্ভাবনা ইত্যাদি ক্ষেত্রে ডোনার মন্ত্রনালয় এবং আসাম সরকার একযোগে কাজ করার বিষয়ে মত প্রকাশ করেছে ।বৈঠকে স্বাস্থ্য শিক্ষা , পথ , কৃষি পর্যটন , হস্ততাঁত ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে রাজ্যের সাম্প্রতিক অগ্রগতির বিষয় তুলে ধরা হয় ।

---

কেন্দ্রীয় জলশক্তি প্রতিমন্ত্রী রাজ ভূষন চৌধুরী আগামী সোমবার হাইলাকান্দি আসছেন ।তিনি আগামী মঙ্গল ও বুধবার হাইলাকান্দিতে অবস্থান করে বিভিন্ন এলাকা পরিদর্শন করবেন এবং জেলা প্রশাসনের সঙ্গে বৈঠকে মিলিত হবেন ।বৃহস্পতিবার কেন্দ্রীয় মন্ত্রী শ্রী চৌধুরী শিলচর হয়ে কলকাতা যাওয়ার কথা রয়েছে ।

---

একাদশ ভাষা শহিদদের স্মরণে আজ শিলচর সম্মিলিত সাংস্কৃতিক মঞ্চ শিলচরের উদ্যোগে ‘উনিশের মহা পথ চলা’র আহ্বান জানানো হয়েছে ।আজ বিকেল সাড়ে তিনটে থেকে রাঙ্গিরখাড়ি মোড় থেকে এই মহা পথচলা শুরু

হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে ।এতে বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংস্থা , স্বেচ্ছাসেবী সংগঠন , স্কুল কলেজের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করবে ।
এদিকে একাদশ শহিদ এবং দেশের বীর সেনানীদের উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদনের জন্য গতকাল শিলচরে বরাকের আওয়াজ-এর আহ্বানে একটি মহামিছিল শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে । এই মিছিল রাঙ্গিরখাড়ি নেতাজী মূর্তীর পাদদেশ থেকে শুরু হয়ে প্রেমতলা , শিলংপট্টি হয়ে গান্ধীবাগে পৌছয় । বরাকের আওয়াজ জানিয়েছে যে ১৯শো ৬১র ১৯শে মের ভাষা শহিদদের স্মরণ এবং একই সঙ্গে শৌর্য্য , পরাক্রমে ভারতের সার্বভৌমত্ব রক্ষা করতে গিয়ে সামরিক বাহিনী , আধাসামরিক বাহিনী সহ বিভিন্ন স্তরের নিরাপত্তারক্ষী যারা জীবন উৎসর্গ করেছেন তাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করার উদ্দেশ্যেই গতকালের এই মিছিলের আয়োজন করা হয়েছিল ।

---

শ্রীভূমির সাংসদ কৃপানাথ মালা গতকাল বদরপুর ব্লকে নিজেদের প্রতিনিধি হিসেবে জয়দীপ চৌধুরীকে নিয়োগ করেছেন । সাংসদ শ্রীমালা খন্ড উন্নয়ন আধিকারীককে দেওয়া এক পত্রে জয়দীপ চৌধুরীর নিয়োগের কথা নিশ্চিত করেছেন । পত্রে জানানো হয়েছে যে সাংসদের অনুপস্থিতিতে উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে সাংসদের প্রতিনিধি সহায়তা করবেন ।

---

হাইলাকান্দি জেলা কংগ্রেস কমিটির উদ্যোগে গতকাল কংগ্রেস ভবনে সদ্য সমাপ্ত পঞ্চায়েত নির্বাচনে জেলা পরিষদ ও আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদে দলীয় টিকিটে নির্বাচিত প্রার্থীদের সংবর্ধনা জানানো হয়েছে । জেলা কংগ্রেস সভাপতি ইসহাক আলী বড়ভুইয়ার পৌরহিত্যে আয়োজিত সংবর্ধনা সভায় প্রাক্তন মন্ত্রী অজিত সিংহ মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দিতে অনুষ্ঠিত নুরুদ্দিন আহমেদ সিনিয়র আন্ত:জেলা ক্রিকেট প্রতিযোগীতার তেজপুর ও শ্রীভূমির মধ্যে খেলা অমীমাংসিতভাবে শেষ হয়েছে । জেলা ক্রিড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার বি গ্রুপের খেলা দুপুর দুটো থেকে শুরু হয় ।প্রথমে ব্যাট করে তেজপুর ২২ ওভারে খেলা সাত উইকেটে ১২৪ রান সংগ্রহ করে ইনিংস ঘোষনা করে । জবাবে শ্রীভূমি ৮ উইকেটে ৬৮ রান সংগ্রহ করতে সক্ষম হয় । ম্যাচ অমিমাংসিতভাবে শেষ হ ওয়ায় দুই দল ১-১ করে পয়েন্ট লাভ করে ।

এদিকে প্রতিযোগিতার দ্বিতীয় ম্যাচে আগামীকাল শ্রীভূমি ও বঙ্গাইগাও মুখোমুখি হবে ।